প্রশ্নোত্তরে রাসূল (সা)- এর জীবনী (পর্ব- ৫)

গোপনে ইসলাম প্রচার

প্রশ্ন : শুরুতে ইসলামের প্রচার কীভাবে চলতে লাগলো ?

উত্তর: মক্কার কাফিররা যেন প্রথমেই ইসলামের প্রতি ক্রুদ্ধ না হয়, সেজনা ভ্রুতে ইসলামের

প্রচার গোপনেই ছিল।

প্রশ্ন : ঐ সময় কয় ওয়াক্ত করে সালাত আদায় করা হতো

উত্তর: প্রাথমিক অবস্থায় দুই রাক'আত করে সকাল ও সন্ধ্যায় সালাত আদায় করা হতো।

প্রশ্ন: রাসূল (সা)- কে সালাত শিক্ষা দিলেন কে?

উত্তর: জিবরাঈল (আ) রাসূলকে ওয়ু ও সালাত শিক্ষা দেন।

প্রশ্ন: ইসলামের সূচ্যালগ্নে সর্বমোট কতজন লোক ইসলাম গ্রহণ করেন ?

উত্তর: প্রায় চক্রিশ জন লোক ইসলাম গ্রহণ করেন।

প্রশ্ন: গোপনে ইসলাম প্রচার কতদিন চলেছিল ?

উত্তর : তিন বছর।

প্রশ্ন: গোপনে ইসলাম প্রচার চলাকালে মুসলিমরা কোথায় মিলিত হতো ?

উত্তর: মুসলিমরা ''দারুল আরকাম'' নামক স্থানে গিয়ে মিলিত হতো। সেখানে তারা রাসূল (সা)-এর কাছে ওহীর শিক্ষা গ্রহণ করতেন।

প্রশ্ন: রাসূল (সা) কীভাবে দাওয়াতী কাজ করতেন ?

উত্তর: তিনি অত্যন্ত পরিশ্রমের সাথে প্রাণপণে ইসলাম প্রচার করতেন এবং ইসলামী মতাদর্শে মানুষের ভ্রান্ত ধারণাসমূহ দূর করার চেষ্টা করতেন।

প্রশ্ন: ঐ সময় ঘোষিত ঈমানের মৌলিক বিষয়গুলো কী কী ?

উত্তর: সেগুলো হলো:

- 1. আল্লাহর একত্বাদ ও মুহাম্মাদ (সা)- কে আল্লাহর নবী বলে সাক্ষ্য প্রদান করা।
- 2. আল্লাহর নবীদের প্রতি, তাঁর ফেরেশতাদের প্রতি, তাঁর কিতাবের প্রতি, তাকদীরের প্রতি এবং কিয়ামত দিবসের প্রতি ঈমার আনা।
- 3. সতকাজ করা এবং চুরি ও ব্যতিসারের মতো অসত কাজ থেকে নিজেকে দূরে রাখা।

প্রশ্ন : যারা প্রাথমিক অবস্থায় ইসলাম গ্রহণ করেছিল তারা কী সমাজের সকল স্তরের প্রতিনিধি স্থানীয় ছিলেন ?

উত্তর : হ্যাঁ, তারা সমাজের সকল স্তরের প্রতিনিধি স্থানীয় ছিলেন, তাদের কেউ ছিলেন ক্ষমতাবান আবার কেউ ছিলেন দূর্বল, অন্যদিকে কেউ ছিলেন ধনী, আবার কেউ ছিলেন গরিব ও অসহায়, কেউ ছিলেন ব্যবসায়ী, আবার কেউ ছিলেন দাস- দাসী।

প্রকাশ্যে ইসলাম প্রচার

প্রশ্ন: রাসূল (সা) কখন প্রকাশ্যে ইসলামের দাওয়াত শুরু করেন ?

উত্তর : তিন বছর পর যখন নিম্নোক্ত আয়াতটি নাযিল হয়-

وَأَنذُرْ عَشيرَتَكَ الْأَقْرَبِينَ ٢١٤:٢٦

অর্থ: আর তুমি (হে মুহামাদ!) তোমার পরিবার- পরিজনকে সতর্ক করে দাও। (সূরা আশ-শু'আরা, আয়াত নং- ২১৪)।

প্রশ্ন: তিনি কীভাবে প্রকাশ্যে দাওয়াত শুরু করলেন ?

উত্তর: একদিন বানকুত নামক স্থানে তিনি তার গোত্রের সকলকে এনে হাজির করলেন। কিন্তু আবু লাহাবের প্রচন্ড বিরোধিতার কারণে সেদিন তিনি কিছুই বলতে পারেননি। পরে তিনি তাদের প্রায় ৪৫ জনের জন্য খাওয়ার আয়োজন করে আবার তাদের দাওয়াত করলেন। রাসূল (সা) তাদের সামনে আল্লাহর একত্বাদ ও তার নবুওয়াতের ব্যাপারে আলোচনা করেন। তিনি তাদেরকে সতর্ক করে বলেন, মানুমের কাজ কর্মের হিসাবের জন্য একদিন স্বাইকে একত্রিত করা হবে এবং হিসাবের পর স্বাইকে জারাত ও জাহান্নামে প্রেরণ করা হবে।

প্রশ্ন: রাসূল (সা)- এর ঐতিহাসিক প্রকাশ্যে দাওয়াতের পদ্ধতি কি ছিল ?

উত্তর : তিনি সাফা পাহাড়ে উঠে সকল লোকদের ডেকে একত্রিত করলেন এবং শেষ দিবসের কঠিন আযাব আসার ব্যাপারে সকলকে সতর্ক করলেন।

প্রশ্ন: আবু লাহাব এ কথা শুনে কী বললেন ?

উত্তর : সে বলল, "তোমার ধ্বংস হোক! তুমি কি এজন্য আমাদের ডেকেছিলে" ? আর একথা বলেই আবু লাহাব চলে গেল। প্রশ্ন: কুরাইশরা রাসূল (সা)- এর উপর রাগান্বিত হলো কেন ?

উত্তর : রাসূলুল্লাহ (সা) যখন মূর্তিপূজাকে অপছন্দ করতে লাগলেন তখনই কুরাইশরা তার প্রতি ক্রুদ্ধ হলেন।

প্রশ্ন: রাসূলুল্লাহ (সা) তার আন্দোলনকে তথা মিশনকে গতিশীল করার জন্য কী কী করতেন ?

উত্তর : তিনি মক্বার জনগণকে ইসলামের দিকে আহ্বান করতেন, বিশেষ করে নিম্নোক্ত আয়াতটি নাযিল হওয়ার পর তিনি বেশী আন্তরিক হয়ে গেলেন-

[فَاصْدَعْ بِمَا تُؤْمَرُ وَأَعْرِضْ عَنِ الْمُشْرِكِينَ [١: ٩ ٩ : ٩ ٩

অর্থ : অতএব প্রকাশ্যে ঘোষণা কর যা তোমাকে নির্দেশ সেয়া হয়, আর মুশরিকদের থেকে দূরে থেকো। (সূরা আল হিজর, আয়াত নং- ১৪)।

তিনি দাওয়াতী কাজে নিজেকে নিয়োজিত রাখতেন। এমনকি তিনি মানুষদেরকে ইসলামের প্রতি আহবানের জন্য বাজারে যেতেন এবং বিভিন্ন মেলা যেমন, উকায এবং যুল মাজাযের মত বড় বড় মেলায়ও যেতেন।

প্রশ্ন: জনসমাুখে দাওয়াতের প্রতাব কি ছিলো ?

উত্তর : লোকেরা ধীরে ধীরে ইসলাম গ্রহণ করতে লাগলো এবং কুরাইশদের নির্মম নির্যাতন সত্ত্বেও তারা ইসলামের উপর অটল ছিল।

(চলবে)

এ সম্পর্কিত অন্যান্য পোস্টগুলো:

- 1. প্রশ্নোত্তরে রাসূল (সা)- এর জীবনী (পর্ব- ১)
- 2 প্রশ্নোত্তরে রাসুল (সা)- এর জীবনী (পর্ব- ২)
- 3 প্রশ্নোত্তরে রাসুল (সা)- এর জীবনী (পর্ব- ৩)
- 4. প্রশোত্তরে রাসূল (সা)- এর জীবনী (পর্ব- ৪)